# ট্যাক্সি এবং TLC-লাইসেন্সের মামলা সমূহ

## OATH ট্রায়াল বিভাগে আপনার ট্রায়ালের একটি নির্দেশিকা


**প্রশাসনিক ট্রায়াল এবং শুনানি অফিস**

100 Church Street, 12th Floor, New York, NY 10007

# সূচিপত্র

ট্যাক্সি এবং TLC-লাইসেন্সের OATH এ শুনানি হওয়া মামলা সমূহ .......... 4

আমার কি একজন উকিল নিযুক্ত করা উচিত? .......... 5

কিছু গুরুত্বপূর্ণসংজ্ঞাসমূহ: .......... 5

আমি কোথায় যাবো? .......... 6

সময়মতো উপস্থিত থাকবেন .......... 7

আপনার কি একজন ইন্টারপ্রেটার প্রয়োজন হবে? .......... 7

কনফারেন্স কী? .......... 8

ট্রায়াল কী? .......... 9

OATH এ TLC এর যেসব ধরনের মামলার শুনানি হয় এ ব্যাপারে আপনার যা জানা প্রয়োজন .......... 12

1. গ্রেফতারের মামলাসমূহ .......... 12
2. সাস্থ্য সংক্রান্ত মামলাসমূহ .......... 15
3. নিয়মানুবর্তিতা মামলাসমূহ .......... 18
4. অতিরিক্তভাড়ার মামলাসমূহ .......... 19
5. যাত্রীদের অভিযোগের মামলাসমূহ .......... 20
6. দুর্ঘটনা মামলাসমূহ .......... 22

আইনি পরিষেবা .......... 23

আরো তথ্য .......... 24

## গুরুত্বপূর্ণ ডিসক্লেইমার

এখানে প্রকাশিত তথ্যের উদ্দেশ্য হলো আগ্রহী জনগণকে সহায়তা করা, এবং এর উদ্দেশ্যে আইনি পরামর্শ প্রদান করা নয়। আইনগতভাবে বা নজির হিসেবে এই তথ্যের কোনো গুরুত্ব নেই, এবং আইনি কর্তৃত্ব বা নজির হিসেবে নিউ ইয়র্ক সিটি প্রশাসনিক ট্রায়াল এবং শুনানির অফিস (New York City Office of Administrative Trials and Hearings, OATH) বা অন্য কোথায় প্রদান করা যাবে না। এমন কোনো প্রতিনিধিত্ব বা ওয়ারেন্টি নেই বা অনুমান করা যাবে না যে এখানে প্রকাশিত তথ্য টাইপোগ্রাফিকভাবে বা বাস্তবিক দিক দিয়ে সঠিক বা সম্পূর্ণ, এবং কোনো ভুল বা অসম্পূর্ণতার জন্য OATH দায়ী থাকবে না। বিশেষ করে কোনো প্রতিনিধিত্ব বা ওয়ারেন্টি নেই বা অনুমান করা যাবে না যে এই ওয়েবসাইটের নিয়ম, আইন, আদেশ, সিদ্ধান্ত বা অন্য কোনো আইনি উৎস সঠিক বা এখানে সম্পূর্ণভাবে বর্ণিত হয়েছে, এবং কোনো ভুল বা অসম্পূর্ণতার জন্য OATH দায়ী থাকবে না। প্রযোজ্য বাস্তবিক এবং পদ্ধতিগত আইন নির্ণয় করার জন্য ব্যবহারকারীকে অবশ্যই আনুষ্ঠানিক আইনি উৎস দেখতে হবে, যার মধ্যে এখানে উল্লেখ করা সকল নিয়ম, আইন, আদেশ, সিদ্ধান্ত এবং অন্যান্য আইনি উৎসের বিষয়বস্তু রয়েছে।

# ট্যাক্সি এবং TLC-লাইসেন্সের OATH এ শুনানি হওয়া মামলা সমূহ

OATH এ ট্যাক্সি এবং লিমোজিন কমিশন (TLC)হতে নিয়ে আসা বিভিন্ন ধরনের মামলার শুনানি হয়। এই মামলা গুলো হচ্ছে TLC-কর্তৃক হলুদ ক্যাব চালক, ভাড়ায়-চালিত ক্যাব চালক, মেডালিয়ন মালিক, বেস মালিক, এবং অন্যদের প্রতি ইস্যুকৃত লাইসেন্সসমূহ নিয়ে।

এই মামলাগুলো TLC কর্তৃক লাইসেন্স নিয়ে যাওয়া এবং/অথবা আর্থিক জরিমানার ব্যাপারে হতে পারে। অনেক লঙঘন TLC লাইসেন্স এর উপর স্বয়ংক্রিয়ভাবে **পয়েন্টে** পরিণত হতে পারে। বারবার লঙঘন করলে পয়েন্ট বাড়তে পারে এবং এতে করে TLC লাইসেন্স হারাতে পারে। অভিযোগের মধ্যে অনতর্ভুক্ত হতে পারে:

- একজন TLC-লাইসেন্সধারি চালক এর গ্রেফতার হওয়া।
- একজন TLC-লাইসেন্সধারি চালক চালানোর জন্যে উপো যোগি কিনা( মাদক পরীক্ষা; আসামি প্রমাণ; জালিয়াতি)।
- TLC আদেশসমূহ পালনে ব্যর্থ হওয়া।
- ভাড়ার জন্য যাত্রীদের থেকে অনেক বেশি অর্থ নেয়া।
- যাত্রী অথবা অন্যদের কর্তৃক তাদের প্রতি একজন চালকের খারাপ ব্যবহার করার অভিযোগ।
- দূর্ঘটনার শিকার ক্ষতিগ্রস্থরা যারা মালিক একটি মেডালিয়ন বিক্রির পূর্বেই অর্থ আলাদা করে রাখতে চায়।

এই মামলাসমূহ আপনি আপনার চালক লাইসেন্স যা নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেল (DMV) থেকে ইস্যু করা হয়েছে সেই ব্যাপারে নয়।

# আমার কি একজন উকিল নিযুক্ত করা উচিত?

OATH এ একজন উকিল বা প্রতিনিধি নিয়ে উপস্থিত হওয়ার অধিকার আপনার থাকবে। আপনি OATH এ নিজের প্রতিনিধিত্ব করতে পারবেন, কিন্তু আপনার মামলায় সাহায্য করার জন্য একজন উকিল বা এই ব্যাপারে জানেন এমন প্রতিনিধি নিয়োগ করাকে OATH এ উৎসাহিত করা হয়।

একজন উকিল বা প্রতিনিধির ব্যবস্থা আপনাকেই করে নিতে হবে। অর্থাৎ তারা আপনার থেকে অর্থ দাবি করবে কিনা সেই প্রশ্ন করা আপনার দায়িত্ব। এছাড়াও আপনার OATH ট্রায়াল সম্পর্কে তাদেরকে যেকোনো নোটিশ প্রদান করা আপনাকে নিশ্চিত করতে হবে।

আপনার যদি একটি অপরাধ মামলা মুলতবি থাকে, তাহলে আপনার অপরাধ উকিলকে OATH ট্রায়ালের ব্যাপারে জানান। আপনি OATH ট্রায়ালে যা বলবেন তা পরবর্তীতে আপনার অপরাধ মামলায় আপনার বিরুদ্ধে ব্যবহার করা যাবে। আপনাকে জোরের সাথে উৎসাহিত করা হচ্ছে আপনি যেন আপনার অপরাধ আইনজীবীর থেকে আপনার OATH লাইসেন্স মামলার ব্যাপারে পরামর্শ নেন অথবা OATH লাইসেন্স মামলায় আপনার প্রতিনিধিত্ব করবে এমন কাউকে সুপারিশ বলেন।

# কিছু গুরুত্বপূর্ণসংজ্ঞাসমূহ:

- **বরখাস্ত কী?**

  "**বরখাস্ত**" বলতে বোঝায় ভবিষ্যৎ অনিদৃষ্টকাল পর্যন্ত TLC লাইসেন্স হারানো।

- **প্রত্যাহার কী?**

  "**প্রত্যাহার**" বলতে বোঝায় একটি TLC লাইসেন্স হারানো। এটা কখনোই পুনরুদ্ধার হবে না। লাইসেন্স প্রত্যাহার হয়েছে এমন একজন চালককে একটা নির্দিষ্ট সময় অপেক্ষা করতে হবে TLCতে একটি নতুন লাইসেন্স এর আবেদনের জন্য এবং দেখতে হবে যে কারণে লাইসেন্স প্রত্যাহার হয়েছিল তা এখন আর প্রযোজ্য নয়। যদি আপনি আপনার লাইসেন্স সমর্পণ করে নতুন একটির আবেদন করতে চান, তাতে কোনো নিশ্চয়তা নেই যে TLC আপনাকে নতুন একটি লাইসেন্স দিবে। পুনঃআবেদন একটি ভিন্ন প্রক্রিয়া যেটা TLCতে হয়ে থাকে। **OATH** এ এটি হয় না।


# আমি কোথায় যাবো?

**গুরুত্বপূর্ণ দ্রষ্টব্য: একাধিক বিচারসভা রয়েছে যারা TLC-সংক্রান্ত কেস দেখাশোনা করে। নিশ্চিত হন যে আপনি সঠিক জায়গায় যাচ্ছেন। এই নির্দেশিকাটি শুধুমাত্র OATH এর বিচার বিভাগ কর্তৃক শুনানিসমূহ নিয়ে। আপনার কাগজপত্র দেখে নিন যে আপনার কেস অনলাইন অথবা সশরীরে উপস্থিতিমূলক কিনা। যদি এটি সশরীরে উপস্থিতিমূলক হয়, তবে TLC থেকে প্রাপ্ত কাগজপত্রের ঠিকনায় যান।**

আপনার মামলাটির শুনানি ভিডিওকনফারেন্সের মাধ্যমে ভার্চুয়ালি হতে পারে। অনলাইনে কীভাবে অংশগ্রহণ করতে হয় সে ব্যাপারে আপনি OATH থেকে নির্দেশাবলী পাবেন। আপনি একটি সশরীরে উপস্থিত হওয়ার শুনানির জন্য অনুরোধ করতে পারবেন। আপনার বিচারক যদি এই অনুরোধের অনুমোদন প্রদান করে, তাহলে OATH এর অফিসের অবস্থান:

## প্রশাসনিক ট্রায়াল এবং শুনানি অফিস

100 Church Street, 12th Floor
New York, NY 10007




**টেলিফোন#:** (212) 933-3097
**ইমেইল:** OATHCalUnit@OATH.nyc.gov

# সময়মতো উপস্থিত থাকবেন



### ► আমার বিলম্ব হলে কী হবে?

আপনার ট্রায়ালের জন্য সময়মতো উপস্থিত হন। আপনার যদি বিলম্ব হয়, আপনাকে ছাড়াই ট্রায়াল করা হবে। অর্থাৎ বিচারক শুধু পুলিশ বিভাগের পেশ করা প্রমাণের ভিত্তিতে একটি সিদ্ধান্ত প্রদান করতে পারবে। আপনার বিলম্বের কারণ যদি ট্র্যাফিক বা গণপরিবহনের বিলম্ব হয়, তাহলে OATH ক্যালেন্ডার ইউনিটকে ইমেইল করে বা ফোন করে তাদের তা জানান।

### ► আমি কিভাবে সময় পরিবর্তন করতে পারবো?

আপনি যদি একটি নির্ধারিত কনফারেন্স বা ট্রায়ালে যেতে না পারেন, তাহলে আপনাকে অবশ্যই শুনানি/ট্রায়ালের নোটিশে লিখিত পুলিশ বিভাগের প্রতিনিধিকে এবং OATH কে যত দ্রুত সম্ভব ফোন করে বা ইমেইল করে জানাতে হবে। OATH এর বিচারকের সাথে যেকোনো ফোন কলের সময় আপনাকে এবং পুলিশ বিভাগের অ্যাটর্নি উভয়কে সংযুক্ত থাকতে হবে। যদি একটি ভালো কারণ থাকে তাহলে অন্য একটি তারিখে OATH এ যাওয়ার জন্য আপনি বিচারককে অনুরোধ করতে পারবেন। এটিকে বলা হয় স্থগিতকরণ। আপনি যদি একজন অ্যাটর্নি বা প্রতিনিধিকে নিয়োগ করতে চান বা ট্রায়াল বিলম্বিত করার জন্য আপনার যদি ভালো কোনো কারণ থাকে তাহলে আপনি সময় চাইতে পারবেন। বিচারক TLC আইনজীবী কে জিজ্ঞাসা করবেন যে সে মুলতুবিতে সম্মত কিনা। TLC বিলম্ব করায় রাজি হতেও পারে নাও হতে পারে। আপনি অন্য কোনো দিনে পুনরায় যেতে পারবেন কিনা সেই সিদ্ধান্ত বিচারক গ্রহণ করবেন।

# আপনার কি একজন ইন্টারপ্রেটার প্রয়োজন হবে?



আপনার যদি একজন **ইন্টারপ্রেটার** প্রয়োজন হয়, তাহলে OATH বিনামূল্যে আপনার জন্য একজনকে নিয়োগ প্রদান করবে। OATH ফোনের মাধ্যমে ইন্টারপ্রেটার ব্যবহার করে। আপনার অনলাইন শুনানিতে বা কনফারেন্সে বা আদালত কক্ষে তারা একটি স্পিকার ফোনে কথা বলবে।

# কনফারেন্স কী?



ট্রায়াল শুরু করার পূর্বে মামলাটির সুরাহা করা যায় নাকি তা দেখতে একজন বিচারক আপনার এবং পুলিশ বিভাগের কারো সাথে অনলাইনে বা আদালত কক্ষে দেখা করবেন। এটিকে **কনফারেন্স** বলা হয়।

- আপনি একজন উকিল বা আপনার পছন্দের কোনো প্রতিনিধিকে নিয়ে বা কনফারেন্সে উপস্থিত হতে পারবেন।
- কনফারেন্সের বিচারক ব্যাখ্যা করে দিবেন যে OATH এ কী হয় এবং কী কী উপায়ে আপনি ও নিউ ইয়র্ক পুলিশ বিভাগ (New York Police Department, TLC) আপনার মামলার সুরাহা করতে পারে সেই ব্যাপারে আলোচনা করবেন।
- আপনি প্রশ্ন করতে পারবেন।
- আপনি চাইলে TLC এর সাথে আপনার মামলার সুরাহা করতে পারবেন, কিন্তু এটি করতে আপনি বাধ্য নন। এটি আপনার উপর নির্ভর করবে। সুরাহা স্বেচ্ছায় করতে হবে। সুরাহা করার জন্য আপনি এবং TLC, উভয় পক্ষকে প্রয়োজন হবে।
- নিষ্পত্তির **শর্ত**গুলো আপনি অথবা TLC যে কেউ দিতে পারেন। আপনি এবং TLC অফারগুলো গ্রহণ অথবা বর্জন করতে পারেন। আপনার এবং TLC উভয়ের জন্য কোনো ব্যবস্থা গ্রহণযোগ্য কিনা তা দেখতে বিচারক উভয় পক্ষের সাথে কাজ করবেন।
- বিভিন্ন, সম্ভাব্য নিষ্পত্তির **শর্তাবলীর** উদাহরণ হল: লাইসেন্স সমর্পণ; জরিমানা; TLC লাইসেন্সে পয়েন্টের সংখ্যাকে প্রভাবিত করে এমন দোষী আবেদন; ক্রোধ ব্যবস্থাপনা ক্লাস; পুনরুদ্ধার; লাইসেন্স স্থগিত করা; শর্ত সহ বা ছাড়া বিষয় প্রত্যাহার; লাইসেন্সের স্থগিতাদেশ প্রত্যাহার করা। আপনি কোনো নির্দিষ্ট সুরাহার শর্ত পাবেন তার কোনো নিশ্চয়তা নেই। এগুলি শুধুই উদাহরণ।
- TLC একজন অভিযোগকারী সাক্ষীকে একটি নির্দিষ্ট নিষ্পত্তির ব্যাপারে তার মতামত সম্পর্কে জিজ্ঞাসা করতে পারে, কিন্তু সাক্ষী TLC এবং আপনার মধ্যকার যেকোনো নিষ্পত্তির কোনো পক্ষই নয়।
- সুরাহা না করতে পারলে, আপনি ট্রায়ালে যেতে পারবেন। আপনার ট্রায়ালের অধিকার আছে।

# ট্রায়াল কী?



## ট্রায়ালের জন্য আমি কীভাবে প্রস্তুত হতে পারবো?

- কনফারেন্সে যদি আপনার মামলার সুরাহা না হয়, তাহলে একজন ভিন্ন বিচারক ট্রায়াল সম্পাদন করবেন। ট্রায়ালটি আদালতের ট্রায়ালের মতন হবে।

- আপনার মামলার জন্য সাহায্য করতে পারবে বলে আপনি মনে করেন এমন সকল কাগজপত্র এবং অন্যান্য প্রমাণকে আপনার ট্রায়ালের তারিখের পূর্বে বিচারককে এবং TLC এর অ্যাটর্নিকে ইমেইল করার জন্য বিচারক আপনাকে বলবেন। এছাড়াও বিচারক আপনাকে আপনার সাক্ষীদের তালিকা ইমেইল করতে বলবেন। ট্রায়ালটি যদি সশরীরে উপস্থিত হয়ে হয়, তাহলে আপনার কাগজপত্র এবং প্রমাণ ইমেইল করুন এবং আদালতকক্ষেও নিয়ে আসুন এবং আপনার সাক্ষীদের নিয়ে আসুন।

- আপনার ট্রায়াল এর তারিখের পূর্বে, আপনি এবং TLC পরস্পরকে আপনার মামলার কাগজপত্র প্রদানের জন্যে চাইতে পারেন। এইসব অনুরোধ লিখিত হতে হবে।

    - উদাহরণস্বরূপ, TLC বিচারককে আপনার ট্রায়াল এর সময় যে কাগজপত্র দেখবে তার সমস্তটার অনুলিপি আপনি চাইতে পারেন।

- আপনি চাইলে বিচারককে একটি কাগজে সই করতে অনুরোধ করতে পারেন যার নাম ***সাপিনা*** যার জন্যে এমন **সাক্ষীদের** প্রয়োজন হবে যারা আপনার ট্রায়ালে আসবে। আপনি একটি সাপিনাও চাইতে পারেন যার জন্য কেউ আপনাকে **নথি** দিতে বাধ্য হবে।

- আপনি একজন উকিল বা আপনার পছন্দের কোনো প্রতিনিধিকে নিয়ে বা এক ট্রায়ালে উপস্থিত হতে পারবেন।

## আমার ট্রায়ালের সময় কী হবে?

- আপনি এবং TLC উভয়ই আপনাদের **উদ্বোধনী বিবৃতি** প্রদান করবেন। একটি উদ্বোধনী বিবৃতি হলো আপনি কী প্রমাণ করার পরিকল্পনা করছেন তার সারসংক্ষেপ।

- এরপর TLC প্রমাণ হাজির করবে এবং সাক্ষীদের সাক্ষ্য দেয়ার জন্যে ডাকবে। সাক্ষীরা শপথ নিয়েছে। এর অর্থ হলো তারা সত্য বলার জন্যে শপথ নিয়েছে।

- TLCর আইনজীবীরা কখনই সাক্ষীদের **সরাসরি** কি হয়েছে তা নিয়ে প্রশ্ন করবে না।
    - এগুলি হলো সবিস্তার প্রশ্ন যেমন «কে, কী, কখন, কোথায়, কীভাবে? আপনি কী দেখেছেন? আপনি কী শুনেছেন? আপনি কী জানেন?»
- সাক্ষীর কাঠগড়ায় বিভাগ যেই সাক্ষীদের ডাকবে তাদের প্রশ্ন করার অধিকার আপনার থাকবে। এটিকে **ক্রস এক্সামিনেশন** বলা হয়।
    - এখানে **উত্তরসূচক** প্রশ্ন করা যেতে পারে যেখানে সাক্ষীদেরকে আপনার বলা কোনো বিবৃতিতে হ্যাঁ বা না বলে উত্তর দিতে হবে। উদাহরণস্বরূপ, প্রশ্নগুলি এভাবে শুরু হতে পারে, «এটি কি সত্যি নয় যে . . . ?" অথবা উত্তরসূচক প্রশ্নের সমাপ্তি হতে পারে এমন শব্দ দিয়ে যেমন, ". . . এটা কী সঠিক নয়?" অথবা ". . . , ঠিক?"
- TLC এর প্রমাণ পেশ করার পর, আপনার প্রমাণ প্রদর্শন, সাক্ষীকে ডাকা, এবং কোনো আইনি যুক্তি প্রদান করার পালা আসবে। আপনার সাক্ষীরাও শপথ নিবে। আপনি আপনার সাক্ষীদের **সরাসরি** প্রশ্ন করতে পারবেন।
- আপনার প্রশ্ন করা শেষ হয়ে গেলে TLC আপনার সাক্ষীদের **ক্রস এক্সামিনেশন** করতে পারবে।
- আপনি যদি কোনো অ্যাটর্নি ছাড়া উপস্থিত হন, এবং সাক্ষ্যদান করেন, বিচারক তাহলে আপনাকে শপথ গ্রহণ করানোর পর আপনার বিবৃতি প্রদান করতে বলবেন।
- বিচারক আপনাকে বা অন্য যেকোনো সাক্ষীকে প্রশ্ন করতে পারবেন।
- আপনি সাক্ষী দিতে পারেন। আপনি সত্য বলার শপথে থাকবেন, অন্যসব সাক্ষীদের মতো। TLC-এর উকিল আপনাকে প্রশ্ন করতে পারবে।
- অবশেষে, উভয় পক্ষ **সমাপ্তি বিবৃতি** প্রদান করবে। একটি সমাপ্তি বিবৃতি হলো আপনি যা প্রমাণ করেছেন বলে মনে করছেন তার সারসংক্ষেপ। আপনি যেই ফলাফল চাইছেন তার জন্য বিচারকের কাছে অনুরোধ করতে পারবেন।

# ট্রায়ালের পর কী হবে?

অধিকাংশ ক্ষেত্রে, বিচারক একটি প্রতিবেদন এবং সুপারিশ পাঠাবেন TLC চেয়ারপারসন এর কাছে, যিনি আপনার মামলার ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত দিবেন। এটি এমনভাবে হবে:

***Taxi & Limousine Comm'n v. John Doe***
OATH Index No. 9999/08 (March 20, 2008)

Respondent driver did not assault passenger, but did use profanity. ALJ recommends dismissal of charge one and penalty on charge two.

---

**NEW YORK CITY OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS**

*In the Matter of*
**TAXI AND LIMOUSINE COMMISSION**
*Petitioner*
*-against-*
**JOHN DOE**
*Respondent*

---

**REPORT AND RECOMMENDATION**

**MONICA MASON,** *Administrative Law Judge*

This license revocation proceeding was referred by petitioner, the Taxi and Limousine Commission, pursuant to the New York City Administrative Code and the Taxi and Limousine Commission's For Hire Vehicle Rules. Respondent John Doe, a licensed for hire driver, is charged with assaulting, verbally harassing, and unlawfully imprisoning a passenger, as well as destroying the passenger's property, in violation of the For Hire Vehicle Rules, 35 RCNY, sections 6-18(f), (i), and (d)(2) (Pet. Ex. 1).

- আপনি প্রতিবেদন এবং সুপারিশ এর একটি অনুলিপি পাবেন মেইল এবং/অথবা ইমেল এ।
- এছাড়াও ইন্টারনেটে এবং OATH এর ওয়েবসাইটে বিচারকের সিদ্ধান্ত প্রকাশ করা হবে: সিদ্ধান্ত অনুসন্ধান - OATH (nyc.gov)।
- আপনি চাইলে TLC চেয়ারপারসন চূড়ান্ত সিদ্ধান্তে যাওয়ার পূর্বে তার কাছে লিখিত মন্তব্য করতে পারেন।
- যদি TLC আপনার বিরুদ্ধে সিদ্ধান্ত দেয়, তবে আপনি নিউ ইয়র্ক সুপ্রিম কোর্টে TLCর চুড়ান্ত সিদ্ধান্তের ব্যাপারে আপিল করতে পারবেন।
    - এখানে একটি ব্যতিক্রম রয়েছে: যাত্রী এবং ভোক্তাদের অভিযোগ এর ক্ষেত্রে, প্রথমে আপনাকে অবশ্যই পূর্ণাঙ্গ কমিশন এর কাছে আপিল করতে হবে, নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টে যাওয়ার পূর্বে।

# OATH এ TLC এর যেসব ধরনের মামলার শুনানি হয় এ ব্যাপারে আপনার যা জানা প্রয়োজন




## 1. গ্রেফতারের মামলাসমূহ

যদি আপনি পুলিশের কাছে গ্রেফতার হন, তবে TLC স্টেট থেকে একটি বিজ্ঞপ্তি পায় যে আপনি গ্রেফতার হয়েছেন। TLC প্রথমে হয়তো আপনার লাইসেন্স বরখাস্ত করবে, এবং এরপর OATH এ আপনাকে একটি বিচারের ব্যবস্থা দিবে। TLC তার নিজস্ব নিয়ম এর কারণে এমন করতে পারে এবং এটা জনসাধারণের নিরাপত্তার কারণেও করা হয়। গ্রেফতারের কারণে যদি আপনার লাইসেন্স বরখাস্ত হয়, তবে আপনার লাইসেন্স ফেরত পাওয়ার জন্য একটি বিচার প্রাপ্তির অধিকার আপনার রয়েছে।

## বিচার এ আমি নিষ্পত্তি না করলে কি হবে?

- ► TLC বিচারককে গ্রেফতার নোটিস এবং অন্যান্য কাগজপত্রের অনুলিপি দেখতে পারে এটা প্রমাণ করতে যে আপনি কাগজে বর্ণিত অভিযোগের কারণে গ্রেফতার হয়েছেন।
- ► এক্ষেত্রে প্রশ্ন হলো যে অপরাধ মামলা শেষ হওয়া পর্যন্ত আপনার লাইসেন্স বরখাস্ত থাকবে কিনা। বিচারক এ ব্যাপারে TLCর কাছে একটি প্রতিবদন এবং সুপারিশ করবে। OATH এ হাজির হওয়ার পূর্বে আপনি হয়তো আপনার অপরাধ আইনজীবীর সাথে পরামর্শ করে নিতে পারেন, বিশেষকরে যখন অপরাধের অভিযোগ তখনও বিদ্যমান থাকেবে।
- ► TLCর বিচারকদের এটা বিশ্বাস করাতে হবে যেসকল অভিযোগের কারণে আপনার গ্রেফতার করা হয়েছে, যদি এগুলো সত্যি ধরা হয়, তাদের দেখতে হবে যে আপনার অপরাধ অভিযোগ চলাকালীন এবং সিদ্ধান্ত আসার আগ পর্যন্ত লাইসেন্স চলমান রাখলে **“এটা জনশাস্থ্য এবং নিরাপত্তার সরাসরি হুমকির কারণ হবে।”**
    - উদাহরণ স্বরূপ, TLC যুক্তি দিতে পারে যে মাতাল অবস্থায় গাড়ি চালানো বা হামলার অভিযোগ জনসাধারণের সদস্যদের পাবলিক রোডওয়েতে চালনা করার কাজের সাথে খুবই সম্পর্কিত।
- ► আপনি চাইলে আপনার দিকের ঘটনা বলতে পারেন অথবা আপনার আইনজীবীকে এ ব্যাপারে যুক্তি প্রদান করতে বলতে পারেন।

## আমি কি প্রমাণ ব্যবহার করতে পারি?

- ► এটি আপনার ইচ্ছার উপর নির্ভর করবে। আপনাকে সিদ্ধান্ত নিতে হবে যে আপনি কোন প্রমাণ উপস্থাপন করবেন।
- ► অন্যান্য বিষয়ের মধ্যে, আপনি প্রমাণ দেখাতে পারেন যে:

a) অপরাধ অভিযোগ এর সাথে যুক্ত নিদৃষ্ট যুক্তি এবং পরিস্থিতি, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে তথাকথিত অপরাধ এবং TLC এর লাইসেন্সধারী চালক হিসাবে আপনার দায়িত্ব এবং কর্তব্যের মধ্যকার সম্পর্ক
   - কি হচ্ছিল যখন আপনি গ্রেফতার হয়েছিলিন?
   - আপনি কি সেই ব্যক্তি যিনি গ্রেফতার হয়েছিলেন?
   - আপনি কি আসলেই সেইসকল অপরাধে অভিযুক্ত যা TLC বলছে আপনি নাকি করেছিলেন?
   - গ্রেফতারের পর অভিযোগগুলো কি কমেছিল অথবা বাতিল হয়েছিল?

b) আপনার চালানোর হিসাব, এছাড়াও যেকোনো পূর্ব গুরুতর লঙ্ঘন অথবা লাইসেন্স বরখাস্ত হওয়ার ইতিহাস যা TLCর নিয়ম এবং প্রয়োগযোগ্য আইন এর আওতায় ট্রাফিক অথবা লাইসেন্সকৃত যানবাহনের সাথে সম্পৃক্ত

c) আপনার পূর্ববর্তী অপরাধের হিসাব, অথবা এই বিষয়টা যে আপনার কোন পূর্ব অপরাধ এর হিসাব নেই,

d) সমাজে আপনার চারিত্রিক অবস্থান, এবং

e) অন্য যেকোনো প্রমাণ যেটা এই বিষয়ের সাথে প্রাসঙ্গিক যে অপরাধ অভিযোগ চলাকালীন আপনার লাইসেন্স ফেরত দিলে এটা জনগণের সাস্থ্য এবং নিরাপত্তার কোন প্রত্যক্ষ এবং উলেখযোগ্য ক্ষতির কারণ হবে কিনা। আপনার কাছে হয়তো অন্য তথ্য থাকতে পারে আপনার গ্রেফতার সংক্রান্ত যেটা আপনি বিচারককে জানাতে পারেন।

***** যদি আপনি জানেন যে অপরাধমূলক অভিযোগগুলো কমানো বা বাতিল করা হবে, TLC আইনজীবীকে জানান, যিনি হয়তো এরপর বিবেচনায় আনতে পারেনযে আপনার আপনার লাইসেন্স বাতিলের সিদ্ধান্ত পরিবর্তন হবে কিনা।*****

## আমার কি সাক্ষ্যদান করা উচিত?

- এটি আপনার ইচ্ছার উপর নির্ভর করবে। সাক্ষ্যদান করবেন কিনা এই ব্যাপারে আপনার একটি কঠিন সিদ্ধান্ত গ্রহণ করতে হতে পারে।
- আপনার OATH ট্রায়ালে সাক্ষ্যদান করবেন কিনা সেই সিদ্ধান্তের ব্যাপারে একজন উকিলের সাথে পরামর্শ করে সেরা।
- আপনার সাক্ষ্য যদি এমন ইঙ্গিত করে যে আপনি একটি অপরাধের জন্য দোষী, তাহলে সংবিধানের ফিফথ অ্যামেন্ডমেন্ট (Fifth Amendment of the Constitution) অনুযায়ী আপনার সাক্ষ্যদান না করার অধিকার রয়েছে।
- কিন্তু যদি আপনি OATH এ সাক্ষ্যদান না করার সিদ্ধান্ত গ্রহণ করেন, তাহলে OATH বিচারক মনে করতে পারেন যে আপনি চুপ আছেন কারণ আপনার সাক্ষ্যদান আপনার পক্ষে যাবে না, এবং আপনি TLC যা বলছে তার সাথে সম্মত।
- **আপনি OATH এ যে সাক্ষ্যদান করবেন তা পরবর্তীতে আপনার অপরাধ মামলায় আপনার বিরুদ্ধে ব্যবহার করা যাবে।**
- যদিও আপনার **অপরাধ মামলায়** আপনার সাক্ষ্যদান না করাকে আপনার বিরুদ্ধে ব্যবহার করা যাবে না, কিন্তু OATH এর ট্রায়ালটি ব্যতিক্রম। OATH এ **নাগরিক**, প্রশাসনিক প্রক্রিয়া রয়েছে।
- আপনি যদি সাক্ষ্য দেন, আপনাকে বিবৃতি দানের পূর্বে হলফ গ্রহণ করতে হবে।

## আমার ট্রায়ালের পর কী হবে?

- বিচারক একটি প্রতিবেদন এবং সুপারিশ প্রদান করবে।
- TLC এর কাছে প্রতিবেদন এবং সুপারিশের ব্যাপারে লিখিত মন্তব্য জমা দেয়ার অধিকার আপনার রয়েছে।
- TLC একটি চূড়ান্ত নির্ণয় করবে।
- TLC যদি আপনার বিরুদ্ধে রায় দেয়, আপনার লাইসেন্স বরখাস্ত থাকবে।
- যদি আপনি জিতেন, TLC হয়তো আপনার লাইসেন্স পুনর্বহাল করবে।



## 2. সাস্থ্য সংক্রান্ত মামলাসমূহ

**TLCর অভিযোগের পর সাস্থ্য সংক্রান্ত মামলাসমূহে সাধারণত একটি TLC লাইসেন্স হারানো হয়:**

- একজন চালক মাদক পরীক্ষায় অনুত্তীর্ণ হলে।
- একটি অপরাধ এ সম্পৃক্ততা; অথবা
- জালিয়াতি।

আপনার TLC লাইসেন্স নেয়ার পূর্বে, আপনার অধিকার আছে একটি সাস্থ্য সংক্রান্ত বিচার এর।

## বিচার এ আমি নিষ্পত্তি না করলে কি হবে?

- **আপনি কি মাদক সংক্রান্ত পরীক্ষায় অনুত্তীর্ণ হয়ে অভিযুক্ত হয়েছিলেন?**
    - বিচার এ, TLC চাইলে মাদক পরীক্ষার পজিটিভ ফলাফল প্রমাণ স্বরূপ দাখিল করতে পারে এটা প্রমাণ করতে যে আপনি অবৈধ মাদক ব্যবহার করেছেন এবং তাই আপনার একটি TLC লাইসেন্স থাকা উচিত নয়।
    - TLC কে বিচারকদের বিশ্বাস করাতে হবে যে পজিটিভ মাদক পরীক্ষা আপনাকে TLC লাইসেন্স ধারনে স্বাস্থ্যগতভাবে অযোগ্য বলে গণ্য করায়।
    - আপনি চাইলে আপনার দিকের ঘটনা বলতে পারেন অথবা আপনার আইনজীবীকে এ ব্যপারে যুক্তি প্রদান করতে বলতে পারেন।

## আমি কি প্রমাণ ব্যবহার করতে পারি?

- TLC কে বিচারকদের বিশ্বাস করাতে হবে যে পজিটিভ মাদক পরীক্ষা আপনাকে TLC লাইসেন্স ধারনে স্বাস্থ্যগতভাবে অযোগ্য বলে গণ্য করায়।
- যদি সাস্থ্য পর্যালোচনা সেবা প্রতিবেদন দেয় যে ব্যবস্থাপত্রের ওষুধের কারণে ফলাফল পজিটিভ আসেনি, তবে বিচার এগিয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।
- যদি সাস্থ্য পর্যালোচনা সেবা প্রতিবেদন দেয় যে ব্যবস্থাপত্রের ওষুধের কারণে ফলাফল পজিটিভ এসেছে, তবে TLC হয়তো আপনার মামলা পুনঃমুল্যায়ন করতে পারে। (এটা হয়তো সম্ভব যে, ব্যবস্থাপত্র অনুযায়ী, ব্যবস্থাপত্রটি হয়তো মামলা সমাধান করে দিতে পারে।)
- (এটা হয়তো সম্ভব যে, ব্যবস্থাপত্র অনুযায়ী, ব্যবস্থাপত্রটি হয়তো মামলা সমাধান করে দিতে পারে।)
- আপনি সিদ্ধান্ত নিবেন যে আপনি বিচারক এর কাছে কিভাবে ব্যাখ্যা করবেন যে আপনার চিন্তামতে কিভাবে একটি অবৈধ মাদকে আপনার ফলাফল পজিটিভ এসেছে।
- আপনি চাইলে আপনার দিকের ঘটনা বলতে পারেন অথবা আপনার আইনজীবীকে এ ব্যপারে যুক্তি প্রদান করতে বলতে পারেন।

### আপনাকে কি কোন অপরাধমূলক অভিযোগ এ অভিযুক্ত করা হয়েছিল?

- TLC হয়ত অপরাধ অভিযোগের ক্ষেত্রে প্রমাণ দাখিল করতে পারে।
- TLC কে বিচারকদের বিশ্বাস করাতে হবে যে অপরাধ অভিযোগের কারণে আপনাকে TLC লাইসেন্স ধারনে অযোগ্য বলে গণ্য করা যায়।
- বিচারককে বলুন যদি আপনি জানেন যে আপীলে আপনার দোষী সাব্যস্ত বাতিল করা হয়েছে।
- আপনি যদি জানেন যে আপনার শাস্তির আদেশ বর্জন করা হয়েছে তাহলে তা বিচারককে বলুন।
- আপনি চাইলে আপনার দিকের ঘটনা বলতে পারেন অথবা আপনার আইনজীবীকে এ ব্যপারে যুক্তি প্রদান করতে বলতে পারেন।

## আপনি কী জালিয়াতিতে অভিযুক্ত হয়েছিলেন?

- TLC হয়তো এটা প্রমাণের চেষ্টা করতে পারে যে আপনার পরিচয়পত্র নকল অথবা অআপনি অন্য কোন চালকের লাইসেন্স ব্যবহার করেছেন, এবং অনৈতিক কর্মকাণ্ড করেছেন যা আপনাকে TLC লাইসেন্স ধারনে অযোগ্য গণ্য করায়।

- জালিয়াতি মামলায় অন্তর্ভুক্ত থাকে একজন চালক যে ভুয়া পরিচয়পত্র দাখিল করে, অথবা অন্য করো লাইসেন্স ব্যবহার করে কারণ চালক বরখাস্ত অথবা যথাযথ পরিচয় প্রদান করতে পারে না।

- এক্ষেত্রে এই ভুল হতে পারে যে কে কোন ব্যক্তি। যদি এমন হয়, আপনি বিচারে এটা ব্যাখা করতে পারেন। আপনি চাইলে আপনার পরিচিত সাক্ষীদের আনতে পারেন।

- আপনি চাইলে আপনার দিকের ঘটনা বলতে পারেন অথবা আপনার আইনজীবীকে এ ব্যপারে যুক্তি প্রদান করতে বলতে পারেন।

## আমার ট্রায়ালের পর কী হবে?

- ► বিচারক একটি প্রতিবেদন এবং সুপারিশ প্রদান করবে।
- ► TLC এর কাছে প্রতিবেদন এবং সুপারিশের ব্যাপারে লিখিত মন্তব্য জমা দেয়ার অধিকার আপনার রয়েছে।
- ► TLC একটি চূড়ান্ত নির্ণয় করবে।
- ► যদি TLC আপনার বিরুদ্ধে যায় রায় এ, আপনার লাইসেন্স বাতিল অথবা বরখাস্ত হতে পারে, এবং TLC চাইলে অন্যান্য শাস্তি এবং/অথবা আর্থিক জরিমানা করতে পারে। কিছু কিছু ক্ষেত্রে পয়েন্টস মুল্যায়ন করা যেতে পারে।
- ► বিচারে যদি আপনি জিতেন এবং TLC যদি বিচারক এর সুপারিশ এর সাথে সহমত পোষণ করে, তাহলে আপনার লাইসেন্স নিয়ে যাওয়া হবে না।



## 3. নিয়মানুবর্তিতা মামলাসমূহ

**নিয়মানুবর্তিতা মামলাসমূহে সাধারণত একটি দাবি অন্তর্ভুক্ত থাকে যা একজন চালক বা মেডেলিয়ান মালিক অথবা মূল মালিক এর TLCর নির্দেশনা পালনে ব্যর্থতা থেকে হয়। উদাহরণস্বরূপ:**

- ভাড়া অথবা একটি ভ্রমণ এর ব্যাপারে তথ্য দিতে ব্যর্থ হওয়া,
- TLC কিংবা আইনি সংস্থা কর্তৃক অনুরোধিত প্রয়োজনীয় কাগজপত্র দাখিলে ব্যর্থ হলে,
- স্বল্প দাবি কিংবা অন্যান্য কোর্ট রায় পরিশোধে ব্যর্থতা,
- কোনো TLC সাক্ষাৎকার এ হাজির হতে ব্যর্থ হলে, অথবা
- শিশু সমর্থন সংক্রান্ত তথ্য প্রদানে ব্যর্থ হলে।

আপনার TLC লাইসেন্স বরখাস্তের পূর্বে আপনার একটি ট্রায়াল পাওয়ার অধিকার রয়েছে।

## আমি কি প্রমাণ ব্যবহার করতে পারি?

- যদি আপনার কাছে এমন কাগজপত্র থাকে যেটা দেখায় যে আপনি ইতোমধ্যেই অথবা TLCর নির্দেশনা মানবেন তবে সেই কাগজগুলো নিয়ে আসুন।
- আপনি চাইলে আপনার দিকের ঘটনা বলতে পারেন অথবা আপনার আইনজীবীকে এ ব্যাপারে যুক্তি প্রদান করতে বলতে পারেন।

## আমার ট্রায়ালের পর কী হবে?

- বিচারক একটি প্রতিবেদন এবং সুপারিশ প্রদান করবে।
- TLC এর কাছে প্রতিবেদন এবং সুপারিশের ব্যাপারে লিখিত মন্তব্য জমা দেয়ার অধিকার আপনার রয়েছে।
- TLC একটি চূড়ান্ত নির্ণয় করবে।
- যদি TLC আপনার বিরুদ্ধে যায় রায় এ, আপনার লাইসেন্স বাতিল অথবা বরখাস্ত হতে পারে, এবং TLC চাইলে আর্থিক জরিমানা এবং আপনার TLC লাইসেন্স এর পয়েন্ট দাখিল করতে পারে।
- বিচারে যদি আপনি জিতেন এবং TLC যদি বিচারক এর সুপারিশ এর সাথে সহমত পোষণ করে, তাহলে আপনার লাইসেন্স নিয়ে যাওয়া হবে না।

## 4. অতিরিক্তভাড়ার মামলাসমূহ



**অতিরিক্তভাড়ার মামলাসমূহ এর অন্তর্ভুক্ত রয়েছে TLCর লাইসেন্স বাতিল বা বরখাস্ত হওয়া যার কারণ হচ্ছে ট্রিপে যাত্রীদের থেকে শহরের বাইরের দরে ভাড়া ধরা যেখানে ট্রিপ শুরু এবং শেষ হয় শহরের ভিতরেই, অথবা অন্য যেকোনো ধরনের অতিরিক্ত ভাড়া নেয়া। যাত্রীরা চাইলে TLCতে অভিযোগ করতে পারে যে একজন TLC-লাইসেন্সধরি চালক তাদের থেকে অনেক বেশি অর্থ নিয়েছে।**

TLC আপনার লাইসেন্স নিয়ে যাবার পূর্বেই আপনার ট্রায়াল পাওয়ার অধিকার রয়েছে।

## বিচার এ আমি নিষ্পত্তি না করলে কি হবে?

- TLC হয়তো GPS কম্পিউটার রেকর্ড ব্যবহার করে দেখানোর চেষ্টা করতে পারে যে আপনি যাত্রীদের থেকে অতিরিক্ত ভাড়া নিয়েছেন।
- এদের মধ্যে কিছু মামলা হয়ে থাকে মিটার এ থাকা দর এর উপর। শহরের বাইরের দরকে বলা হয় "রেট 4"।
- আপনি চাইলে GPS রেকর্ড দেখতে পারেন যদি তা আপনার কাছে সঠিক মনে হয়। যদি আপনি মনে করেন আপনি সেখানে ভুল দেখতে পাচ্ছেন, তবে সেটা বিচারকের নজরে আনুন।

- একজন আইনজীবী আপনাকে এটা বুঝতে সহায়তা করতে পারে যে আপনি অন্য কোন ভিত্তিতে মামলার লড়াই চালিয়ে যেতে পারেন কিনা।
- আপনি চাইলে আপনার দিকের ঘটনা বলতে পারেন অথবা আপনার আইনজীবীকে এ ব্যপারে যুক্তি প্রদান করতে বলতে পারেন।

## আমার ট্রায়ালের পর কী হবে?

- বিচারক একটি প্রতিবেদন এবং সুপারিশ প্রদান করবে।
- TLC এর কাছে প্রতিবেদন এবং সুপারিশের ব্যাপারে লিখিত মন্তব্য জমা দেয়ার অধিকার আপনার রয়েছে।
- TLC একটি চূড়ান্ত নির্ণয় করবে।
- যদি TLC আপনার বিরুদ্ধে যায় রায় এ, আপনার লাইসেন্স বাতিল অথবা বরখাস্ত হতে পারে, এবং TLC চাইলে অন্যান্য শাস্তি এবং/অথবা আর্থিক জরিমানা করতে পারে। কিছু কিছু ক্ষেত্রে পয়েন্টস মুল্যায়ন করা যেতে পারে।
- বিচারে যদি আপনি জিতেন এবং TLC যদি বিচারক এর সুপারিশ এর সাথে সহমত পোষণ করে, তাহলে আপনার লাইসেন্স নিয়ে যাওয়া হবে না।

## 5. যাত্রীদের অভিযোগের মামলাসমূহ



**যাত্রীদের অভিযোগের মামলাসমূহে সাধারণত অন্তর্ভুক্ত থাকে জনসাধারণ অথবা TLC প্রতিনিধিদের দাবি যেখানে একজন চালক তাদেরকে মৌখিক ভাবে অপমান, হুমকি অথবা আক্রমণ করেছিল।**

TLC আপনার লাইসেন্স নিয়ে যাবার পূর্বেই আপনার ট্রায়াল পাওয়ার অধিকার রয়েছে।

## বিচার এ আমি নিষ্পত্তি না করলে কি হবে?

- সাধারণত, যেই ব্যক্তি অভিযোগ করেছে তাকেই সাক্ষী দিতে হবে বিচারে যে কি হয়েছিল।
- আপনার অধিকার আছে সাক্ষী দেয়ার এবং আপনার দিকের ঘটনা বলার অথবা একজন আইনজীবী আপনার পক্ষের যুক্তি প্রদান করতে পারে।
- TLCকে বিচারককে এটা বিশ্বাস করাতে হবে যে লাইসেন্স চলমান রাখলে **সেটা জনসাধারণের সাস্থ্য এবং নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ।**
- যদি আপনার বিরুদ্ধে অপরাধের মামলা থেকে থাকে, আপনাকে সিদ্ধান্ত নিতে হবে আপনি সাক্ষী দিবেন কি না। এটি আপনার উপর নির্ভর করবে। এক্ষেত্রে আপনার সিদ্ধান্ত নিতে একজন আইনজীবীর সাহায্য নেয়া সর্বোত্তম।
- অভিযোগকারী সাক্ষী এবং অন্যান্য TLC সাক্ষীদেরকে প্রশ্ন করার অধিকার আপনার আছে যদি তারা সাক্ষী দিয়ে থাকে।

## আমার ট্রায়ালের পর কী হবে?

- বিচারক একটি প্রতিবেদন এবং সুপারিশ প্রদান করবে।
- TLC এর কাছে প্রতিবেদন এবং সুপারিশের ব্যাপারে লিখিত মন্তব্য জমা দেয়ার অধিকার আপনার রয়েছে।
- TLC এর চেয়াপারসন চূড়ান্ত নির্ণয় নিবেন।
- পূর্ণাঙ্গ কমিশনের জন্য চেয়াপারসন এর কাছে আপিল করার অধিকার আছে আপনার।
- যদি TLC আপনার বিরুদ্ধে যায় রায় এ, আপনার লাইসেন্স বাতিল অথবা বরখাস্ত হতে পারে, এবং TLC চাইলে অন্যান্য শাস্তি এবং/অথবা আর্থিক জরিমানা করতে পারে। কিছু কিছু ক্ষেত্রে পয়েন্টস মুল্যায়ন করা যেতে পারে।
- বিচারে যদি আপনি জিতেন এবং TLC যদি বিচারক এর সুপারিশ এর সাথে সহমত পোষণ করে, তাহলে আপনার লাইসেন্স নিয়ে যাওয়া হবে না।

## 6. দূর্ঘটনা মামলাসমূহ



**দূর্ঘটনা মামলাসমূহে সাধারণত অন্তর্ভুক্ত থাকে ট্যাক্সি সংক্রান্ত দুর্ঘটনা ঘটার কিছু পরে মালিক কর্তৃক একটি মেডালিয়ন এর বিক্রি বা হস্তান্তর করা।**

- একজন যাত্রী, পথচারী, অথবা অন্য চালক হয়তো ব্যক্তিগত ক্ষতিপূরণের দাবি করতে পারে।
- আইন অনুযায়ী, TLC একটি মেডালিয়ন বিক্রির অনুমতি দেয়না যতক্ষণ না পর্যন্ত অর্থ আলাদা রাখার বিষয়টি পর্যালোচনা হয়েছে( যেটাকে বলা হয় "এসক্রো" পরিমাণ)এমন একজনের জন্যে যিনি দূর্ঘটনার কারণে আহত হয়েছেন—সেসব ক্ষেত্রে যেখানে মালিকের বিমা দূর্ঘটনায় আহত ব্যক্তিকে প্রদানের জন্য পর্যাপ্ত নয়।
- OATH বিচারক সিদ্ধান্ত নিবেন যে কত পরিমাণ অর্থ আলাদা রাখতে হবে।
- পরিমাণ শূন্য অথবা আরও বেশি হতে পারে।
- বিচারে পক্ষগুলোকে প্রমাণ দিতে হবে যে কি ক্ষতি হয়েছে এবং ব্যক্তিগত আঘাতের ক্ষেত্রে এর মূল্য কতখানি।
- সাধারণত, পক্ষগুলো চাইলে মামলাগুলো এসক্রো পরিমাণে নিষ্পত্তি করতে পারে। নিষ্পত্তির অন্যান্য সম্ভাব্য শর্তও থাকতে পারে।
- মামলা বিচারে গেলে, বিচারক চূড়ান্ত সিদ্ধান্ত দিবেন, যেটার জন্য নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টে আপিল করা যাবে।

# আইনি পরিষেবা

**OATH আইনি পরামর্শ প্রদান করে না এবং কোনো নির্দিষ্ট অ্যাটর্নি বা সংগঠনকে সুপারিশ করে না।**

**যদি আপনার কোনো অপরাধ মামলা বিদ্যমান থাকে, আপনাকে জোরের সাথে উৎসাহিত করা হচ্ছে আপনি যেন আপনার অপরাধ আইনজীবীকে পরামর্শ দিতে জিজ্ঞাসা করেন আপনার OATH লাইসেন্স মামলার ব্যাপারে অথবা OATH লাইসেন্স মামলায় আপনার প্রতিনিধিত্ব করবে এমন কাউকে সুপারিশ করতে।**

কোনো উকিল বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে আপনার মামলাটি গ্রহণ করবে কিনা তা দেখার জন্য আপনি আপনার স্থানীয় আইনি পরিষেবা প্রদানকারীদের সাথে যোগাযোগ করতে পারেন। আইন সেবা সংগঠনসমূহের আংশিক তালিকা এবং রেফারেল সেবা একটি জনসেবা হিসেবে প্রদান করা হয়।

**এই নির্দেশিকায় আরও বিকল্পের তালিকা সংযুক্ত আছে। অনুগ্রহ করে সংযুক্ত তালিকাটি দেখুন।**

আপনি চাইলে নিম্ন প্রদর্শিত নম্বর অথবা কন্টাক্ট এ ইমেইল করতে পারেন:

**লিগ্যাল এইড সোসাইটি**

**ফোন:** 212-577-3300 বা 212-577-3398

- লিগ্যাল এইড সোসাইটি (Legal Aid Society) যোগ্য নিম্ন আয়ের গ্রাহকদের বিনামূল্যে আইনি পরিষেবা প্রদান করে।

# বার অ্যাসোসিয়েশন রেফারেল পরিষেবা

আপনি আপনার স্থানীয় বার অ্যাসোসিয়েশনের সাথে যোগাযোগ করতে চাইতে পারেন এবং আইনি সংস্থানের সম্ভাব্য রেফারেল সম্পর্কে জিজ্ঞেস করতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি ফোন করতে বা ইমেইল করতে পারেন:

**নিউ ইয়র্ক সিটি বার অ্যাসোসিয়েশন**

**ওয়েবসাইট:** https://www.nycbar.org/get-legal-help/
**ফোন:** (917)-634-3609 / (212)-626-7374 (en español)
**ইমেইল:** lrs@nycbar.org

**অনলাইন অনুরোধ ফর্ম:**

https://nycbar.intouchondemand.com/lrisrequest/nycrequestform.aspx
En español: Formulario de Referido – Solicite a un Abogado (https://www.nycbar.org/get-legal-help/es/)

একজন স্টাফ আইনজীবী অথবা প্যারালিগাল ফোনটি ধরবেন এবং আপনাকে আপনার আইনি সমস্যা সামলানোর জন্য পথ দেখাতে সাহায্য করবেন। সিটি বার অ্যাসোসিয়েশন এর আইনজীবী অথবা কর্মচারীদের সাথে কথা বলার জন্য কোন অর্থ লাগবে না, কিন্তু তারা যেই আইনজীবী কে সুপারিশ করবে তারা হয়তো আপনার সাথে অর্থ নিতে পারে।

স্টাফ আইনজীবীদের সাথে যোগাযোগ করা যাবে (212) 626-7373।

## আরো তথ্য

**আপনার যদি কোনো উকিল বা প্রতিনিধি না থাকে:**

একজন OATH প্রক্রিয়া সংক্রান্ত বিচার সমন্বয়কের সাথে কথা বলার জন্য OATH আপনাকে একটি সুযোগ প্রদান করবে, যে আপনার মামলার জন্য প্রস্তুত হতে আপনাকে আইনি তথ্য এবং সংস্থান প্রদান করবে। এই ব্যক্তিরা শুনানির প্রক্রিয়া, আপনার জন্য উপলভ্য বিকল্পসমূহ সম্পর্কে আপনাকে তথ্য প্রদান করতে পারবে, এবং আপনার কোনো প্রশ্ন থাকলে তার উত্তর দিতে পারবে। এই ব্যক্তিরা আপনাকে কোনো আইনি পরামর্শ প্রদান করতে পারবে না। সকল অ্যাপয়েন্টমেন্ট আপনার শুনানির তারিখের পূর্বে সম্পাদন করতে হবে। অনুরোধ করা হলে বিদেশি ভাষার সেবা বিনামূল্যে প্রদান করা হবে।

► OATH হেল্প সেন্টারে কারো সাথে অ্যাপয়েন্টমেন্ট করার জন্য, অনুগ্রহ করে এই লিংক ব্যবহার করে আমাদেরকে ইমেইল করুন:

  **হেল্প সেন্টারকে ইমেইল করুন বা আপনার নির্ধারিত OATH উপস্থিতির পূর্বে (212) 436-0845 নম্বরে আমাদেরকে ফোন করুন।**

► https://www.nyc.gov/site/oath/trials/overview.page ভিজিট করার মাধ্যমে আপনি OATH এর ব্যাপারে আরো পড়তে এবং মামলার আইন এবং নিয়ম দেখতে পারবেন।

► এছাড়াও সিটিঅ্যাডমিনের অনলাইন লাইব্রেরিতে OATH এর সিদ্ধান্তসমূহ বিনামূল্যে পাওয়া যাবে। এরপর "OATH ট্রায়াল (OATH Trials)" এ ক্লিক করুন এবং মামলা খোঁজার জন্য আপনি যেই শব্দ ব্যবহার করতে চান তা প্রবেশ করাতে পারবেন।

► TLC এর ওয়েবসাইট প্রদর্শনের মাধ্যমে TLC সম্পর্কে আরও তথ্য এবং TLCরে নিয়ম সম্পর্কে জানতে পারবেন: www.nyc.gov/taxi

## আইনি সহায়তা

আপনার অধিকার আছে আপনার পছন্তমতো একজন আইনজীবী অথবা প্রতিনিধি নিয়ে হাজির হওয়ার যিনি আপনার সহায়তা করবেন। আপনি চাইলে প্রাইভেট বার থেকে আইনজীবী বা প্রতিনিধি নির্বাচন করতে পারেন অথবা আপনি চাইলে কম খরচে অথবা বিনা খরচে আইনি প্রতিনিধিত্ব নিতে পারেন। OATH কোন আইনজীবী কিংবা সংস্থার সাথে জড়িত না কিংবা এদের সুপারিশ করে না। অনুগ্রহ করে নিম্নে দেখুন সরকারি আইনজীবীদের তালিকা যারা হয়তো, সহজলভ্য থাকলে, TLC লাইসেন্স চালক যাদের লাইসেন্স বরখাস্ত হয়েছে গ্রেফতার এর পর তাদের প্রতিনিধিত্ব করবে, এবং একটি তালিকা যাতে রয়েছে আইন সংস্থার এবং অন্যান্য সুপারিশ সুবিধাসমূহ।

## আইনি পক্ষ সমর্থন পরিষেবা

একজন TLC চালক যাকে গ্রেফতার করা হয়েছে সে যদি নিম্ন বর্ণিত সল্প খরচের আইনজীবীর দ্বারা প্রতিনিধিত্ব পায়, তবে এক্ষণে রয়েছে TLC লাইসেন্স বরখাস্ত সংক্রান্ত মামলায় সাহায্যকারী বিভিন্ন সংস্থার মানুষদের যোগাযোগের তথ্য।

প্রতিটা সংস্থা চাইলে একজন চালককে প্রতিনিধিত্ব করতে পারে শুধুমাত্র তখনই যদি তারা ইতোমধ্যেই ওই চালককে কোনো একটি অপরাধ মামলায় প্রতিনিধিত্ব করছে। যদি আপনি আপনার সরকারি আইনজীবী যাকে আপনার অপরাধ মামলার সাথে নিযুক্ত করা হয়েছে তার নাম জানেন, আপনার উচিত হবে তার সাথে ইমেইল বা ফোনে যোগাযোগ করা এবং অন্য আইনজীবী যারা একই অফিস এ আছে যারা আপনাকে লাইসেন্স মামলা কিংবা গাড়ি ধরে রাখার মামলায় সহায়তা করবে সে ব্যাপারে জিজ্ঞাসা করা। নিম্ন বর্ণিত সংস্থাগুলোতে যোগাযোগের সর্বোত্তম পন্থা হলো ইমেইল।

এই যোগাযোগের তথ্য মাদক পরীক্ষার জন্য অথবা যাত্রী অভিযোগ মামলার জন্য **নয়।**

***দি ব্রনক্স ডিফেন্ডার্স***
Gillian Stoddard Leatherberry
**ইমেইল:** gillians@bronxdefenders.org
সিভিল অ্যাকশন প্র্যাকটিস
360 East 161st Street
Bronx, NY 10451
**ফোন:** (347) 842-2484
**প্রধান কার্যালয়:** (718)-838-7878

***ব্রুকলিন ডিফেন্ডার সার্ভিসেস***
**ইমেইল:** employment@bds.org
177 Livingston Street, 7th Floor
Brooklyn, NY 11201
**ফোন:** (718) 254-0700

***দি লিগ্যাল এইড সোসাইটি***
ওয়ার্কার জাস্টিস প্রোজেক্ট
**ইমেইল:** workerjustice@legal-aid.org
**ফোন:** (888)-663-6880
নেবারহুড ডিফেন্ডার সার্ভিসেস
317 Lenox Avenue
New York, NY 10027
**ইমেইল:** Civilsups@ndsny.org
**ফোন:** (212) 876-5500

***কুইন্স ডিফেন্ডারস***
David Byrne
**ইমেইল:** dbyrne@queensdefenders.org
**ফোন:** (917)-703-4103

যারা ইতোমধ্যে উপরে বর্ণিত ডিফেন্ডারদের দ্বারা উপস্থাপিত নয় তার চাইলে যোগাযোগ করতে পারে:

**দি লিগাল অ্যাকশন সেন্টার**

কেন্দ্রটি লাইসেন্স বরখাস্ত সংক্রান্ত মামলায় জড়িত ট্যাক্সি চালক যারা সহায়তা খুঁজছে তাদের প্রতিনিধিত্ব করার ব্যাপারে বিবেচনা করবে এবং যারা নিউইয়র্ক স্টেট এর ভিতরে গ্রেফতার হয়েছে, এর মধ্যে নিউইয়র্ক শহরও অন্তর্ভুক্ত। K.B. White, Esq., হল যোগাযোগের ব্যক্তি **212- 243-1313** অথবা kwhite@lac.org.

**ড্রাগ পরীক্ষার ক্ষেত্রে এবং** একটি TLC লাইসেন্সের **সারসংক্ষেপ স্থগিতাদেশের সাথে জড়িত গ্রেপ্তারের ক্ষেত্রে:**

***Mobilization for Justice***
**ফোন:** (212) 417-3700

**বার অ্যাসোসিয়েশন এবং অন্যান্য রেফারেল পরিষেবা**

অতিরিক্তভাবে, আইনি সংস্থা এবং অন্যান্য সংস্থা হয়তো আইনি প্রতিনিধিত্ব পেতে কিছু সহায়তা প্রদান করতে পারে। উল্লেখিত সংস্থাগুলো, যারা OATH এর সাথে সম্পৃক্ত না, চাইলে হয়তো বিনাখরচের অথবা স্বল্পখরচের আইনজীবী অথবা অন্যান্য প্রতিনিধি সুপারিশ করতে পারে:

***নিউ ইয়র্ক সিটি বার অ্যাসোসিয়েশন***
https://www.nycbar.org/get-legal-help/
**ফোন:** (917)-634-3609 / (212)-626-7374 (en español)
**ইমেইল:** lrs@nycbar.org
**অনলাইন অনুরোধ ফর্ম:**
https://nycbar.intouchondemand.com/lrisrequest/nycrequestform.aspx
En español: Formulario de Referido – Solicite a un Abogado (nycbar.org)

***ব্রুকলিন বার অ্যাসোসিয়েশন***
https://brooklynbar.org/lawyer-referral-service/
**ফোন:** (718)-624-0843 / (718)-624-0843 (en español)

***ব্রনক্স কাউন্টি বার অ্যাসোসিয়েশন***
https://www.bronxbar.com/?pg=ReferralServices
**সশরীরে:**
851 Grand Concourse, Room 124
Bronx, N.Y. 10451
**ইমেইল:** info@bronxbar.com
**ফোন:** (718)-293-5600

***কুইন্স কাউন্টি বার অ্যাসোসিয়েশন***
https://qcba.org/attorneys/lawyer-referral-service/
**ইমেইল:** info@qcba.org
**ফোন:** (718)-291-4500

***রিচমন্ড কাউন্টি বার অ্যাসোসিয়েশন***
https://www.thercba.com/rcba-member-resources
**ইমেইল:** rcbaweb@gmail.com
**ফোন:** (718)-422-4500

***দি নিউ ইয়র্ক সিটি বার অ্যাসোসিয়েশন***
https://nysba.org/new-york-state-bar-association-lawyer-referral-service/
**ইমেইল:** lrs@nysba.org
**ফোন:** (800)-342-3661

***নিউ ইয়র্ক ট্যাক্সি ওয়ার্কার্স অ্যালাইন্স***
www.nytwa.org
**ফোন:** (718) 706-9892
31-10 37th Avenue, Suite 300, Long Island City, NY 11101